

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭০.১৪.০০৮.১৭.১২০৫

তারিখঃ ১৭ আশ্বিন ১৪২৫
০২ অক্টোবর ২০১৮

প্রেরক: আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব
স্থানীয় সরকার বিভাগ।


প্রাপক: প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা, গেট নং- ৪), সেগুনবাগিচা, ঢাকা।

বিষয়: ২০১৮- ১৯ অর্থ বৎসরের স্থানীয় সরকার বিভাগের অধীনে 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উন্নুক্ত স্থানসমূহের আধুনিকায়ন, উন্নয়ন ও সবুজায়ন' শীর্ষক প্রকল্প (প্রকল্প কোড নং- ২২৪০৩৬৬০০) এর অনুকূলে ১ম কিস্তি বাবদ অর্থ বরাদ্দ।

স্থানীয় সরকার বিভাগের গত ০৯ সেপ্টেম্বর ২০১৮ তারিখে ৪৬.০০.০০০০.০৭০.১৪.০০৮.২০১৭- ১১৩০ নং সরকারি আদেশে অনুমোদিত বরাদ্দের সংশোধিত বিভাজন অনুযায়ী আমি এই মর্মে আদিষ্ট হয়ে স্থানীয় মুদ্রা (জিওবি) অংশের বরাদ্দ হইতে ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের অনুকূলে নিম্নরূপে অর্থ ছাড়ে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করিতেছি:

বাস্তবায়নকারী সংস্থার নাম ও কোড নং	প্রকল্পের নাম ও কোড নং	অনুমোদিত/পিপিপি অনুমোদিত/অননুমোদিত	কিস্তির নাম	ঋণের অর্থের পরিমাণ	বিনিয়োগের অর্থের পরিমাণ	অনুদানের অর্থের পরিমাণ	রাজস্ব খাতের অর্থ	মূলধন খাতের অর্থ	মোট অবমুক্ত অর্থ
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)	(৮)	(৯)	(১০)
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন	'ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উন্নুক্ত স্থানসমূহের আধুনিকায়ন, উন্নয়ন ও সবুজায়ন' শীর্ষক প্রকল্প, (কোড নং: ২২৪০৩৬৬০০)	অনুমোদিত	১মকিস্তি	-	-	-	৭৫.০০ (পঁচাত্তর) লক্ষ টাকা	১১৭৫.০০ লক্ষ (এগার কোটি পঁচাত্তর লক্ষ) টাকা	১২৫০.০০ লক্ষ (বার কোটি পঞ্চাশ লক্ষ) টাকা

- (ক) উপরোক্ত অর্থ অনুদান/ বিনিয়োগ/ ঋণ হিসাবে দেওয়া হইল।
- (খ) এই ব্যয় বর্তমান অর্থ বৎসরের (২০১৮- ১৯) উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং- ৩৪, স্থানীয় সরকার বিভাগের (কোড নং- ১৩৭০১) ঢাকা উত্তর সিটি কর্পোরেশন কর্তৃক বাস্তবায়নাধীন 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উন্নুক্ত স্থানসমূহের আধুনিকায়ন, উন্নয়ন ও সবুজায়ন' শীর্ষক প্রকল্প (প্রকল্প কোড: ২২৪০৩৬৬০০) হইতে বহন করা হইবে।
- ২। উপরোক্ত অর্থ শুধু টাকা বরাদ্দের অংক নির্দেশ করে। (শুল্ক ও মূল্য সংযোজন কর এবং পুনর্ভরযোগ্য প্রকল্প সাহায্যের জন্য বরাদ্দ টাকা এই অংকের বর্হিভূত)।
- ৩। এই বরাদ্দের অধীনে ব্যয় অনুমোদিত প্রকল্প ছকে বর্ণিত দফাওয়ারী বরাদ্দ অনুযায়ী করিতে হইবে এবং মোট ব্যয় অনুমোদিত প্রকল্প ব্যয়ের অতিরিক্ত হইবে না।
- ৪। এই আদেশ অর্থ বিভাগের ২৪ সেপ্টেম্বর ২০১৮ তারিখের ০৭.১১১.০১৪.০১.০৫.০৪৪.২০১৭- ৬২৯ নং স্মারক মূলে প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে ও নিম্নোক্ত শর্তে জারি করা হল:
- (৬) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর- ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি- বিধান যথাযথভাবে পরিপালন করিতে হইবে;
- (৭) ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০শে জুন ২০১৯ এর মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
- (৮) ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হইলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকিবেন;
- (৯) অনুমোদিত ডিপিপি' র প্রাক্কলিত ব্যয়ের অতিরিক্ত কোন অর্থ ব্যয় করা যাইবে না;
- (১০) প্রকল্প সংশ্লিষ্ট সকল টেন্ডার ই- জিপি'র মাধ্যমে বাস্তবায়ন করতে হবে।
- ৫। এই বিভাগ কর্তৃক প্রতিস্বাক্ষরিত বিল উপস্থাপনের মাধ্যমে সংস্থার পক্ষে সংস্থার মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন এই অর্থ উত্তোলন করিতে পারিবেন।



আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব

ফোন: ৯৫৭৩৬২৫


ই-মেইল: lgcc1@lgd.gov.bd

স্মারক নং ৪৬.০০.০০০০.০৭০.১৪.০০৮.১৭.১২০৫(১০)

তারিখঃ ১৭ আশ্বিন ১৪২৫
০২ অক্টোবর ২০১৮

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় (দৃঃ আঃ উপসচিব (বাজেট- ১১ শাখা)।
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/ কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা।
৩. মেয়র, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ২৩- ২৬, রোড- ৪৬, গুলশান- ২, ঢাকা।
৪. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ২৩- ২৬, রোড- ৪৬, গুলশান- ২, ঢাকা।
৫. উপ- প্রধান, পরিকল্পনা অধিশাখা, স্থানীয় সরকার বিভাগ।
৬. প্রোগ্রামার, কম্পিউটার শাখা, স্থানীয় সরকার বিভাগ। (জিওটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হল)
৭. প্রকল্প পরিচালক, 'ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের উন্নুক্ত স্থানসমূহের আধুনিকায়ন, উন্নয়ন ও সবুজায়ন' শীর্ষক প্রকল্প, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ২৩- ২৬, রোড- ৪৬, গুলশান- ২, ঢাকা।
৮. অফিস নথি।



আ. ন. ম. ফয়জুল হক
উপসচিব